ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার
*********

স-১৭৫৪

আগরতলা, ১৬ জুলাই, ২০২৫

**আইটি ভবনে তিনদিনব্যাপী কর্মশালার সমাপ্তি অনুষ্ঠান**

**এআই-এর মাধ্যমে আগামীদিনে সরকারী প্রতিষ্ঠানের কাজ সহজ হবে ঃ পরিসংখ্যানমন্ত্রী**

এআই-এর মাধ্যমে আগামীদিনে সরকারী প্রতিষ্ঠানের কাজ সহজ হবে। এআই-এর গুরুত্ব প্রত্যেক ক্ষেত্রেই বেড়ে চলেছে। আজ অর্থ ও পরিসংখ্যান অধিদপ্তরের উদ্যোগে ‘জেনারেটিভ এ আই ফর ইমপেক্টঃ স্মার্ট টুলস ফর স্মার্টার গভর্নেন্স’ শীর্ষক তিনদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালার সমাপ্তি অনুষ্ঠানে পরিসংখ্যান দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা একথা বলেন। তিনি পরিসংখ্যানের ক্ষেত্রে জেনারেটিভ এআই-এর গুরুত্বপূর্ণ ভূমিকার উপর আলোকপাত করেন এবং কর্মশালায় আগত প্রশিক্ষকদের ধন্যব্যদ জানান। তিনি কর্মশালায় অংশগ্রহণকারীদের উদ্দেশ্যে বলেন, আগামী দিনে এআই-এর ব্যবহার সরকারী প্রতিটি ক্ষেত্রেই কাজে লাগাতে হবে।

অনুষ্ঠানে কেন্দ্রীয় পরিসংখ্যান বিভাগের ডিরেক্টর জেনারেল, এন কে সন্তোষী বলেন, ত্রিপুরা ছোট রাজ্য হলেও প্রযুক্তির দিক দিয়ে সফলতার সাথে এগিয়ে চলেছে। তিনি তার বক্তব্যে এআই-এর বিভিন্ন গুরুত্বপূর্ণ দিক তুলে ধরেন। এআই-কে কাজে লাগিয়ে কীভাবে সর্বক্ষেত্রে কাজ সহজভাবে করা সম্ভব হবে সেই ব্যাপারে তিনি আলোচনা করেন। তিনি প্রত্যাশা করেন, প্রত্যেকেই এআই-এর ব্যবহার শিখুক এবং আগামীদিনে সেই টেকনোলজি নিজের কাজে ব্যবহার করুক। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পরিকল্পনা (পরিসংখ্যান) দপ্তরের সচিব অভিষেক চন্দ্রা এবং অধিকর্তা ডি রিয়াং সহ অন্যান্য উচ্চপদস্থ আধিকারিকগণ।

এই কর্মশালায় অর্থ ও পরিসংখ্যান অধিদপ্তরের ৬০ জনেরও বেশি কর্মকর্তা সহ কেন্দ্রীয় সরকারের পরিসংখ্যান ও কর্মসূচী বাস্তবায়ন মন্ত্রকের কর্মকর্তাগণ অংশগ্রহণ করেন। অংশগ্রহণকারী কর্মকর্তাদের হাতে শংসাপত্র তুলে দেন অর্থ ও পরিসংখ্যান দপ্তরের মন্ত্রী বিকাশ দেববর্মা।

*****